



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটি'র ৩য় ত্রৈমাসিক সভার
কার্যবিবরণী :

সভাপতি	মীর নাহিদ আহসান জেলা প্রশাসক
সভার তারিখ	২৯ মার্চ ২০২১ খ্রি.
সভার সময়	দুপুর ১২.১০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার সভায় কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটিতে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	যথাসময়ে কর্মস্থলে উপস্থিতিঃ অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকাল ০৯.০০ ঘটিকা হতে ০৯.৪০ ঘটিকা পর্যন্ত অফিসে আবশ্যিকভাবে উপস্থিত থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকাল ০৯.০০ ঘটিকা হতে ০৯.৪০ ঘটিকা পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।	উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। সহকারী কমিশনার (সকল) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), মৌলভীবাজার।
০২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনঃ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটি, মৌলভীবাজার সভায় জানান যে, এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয় বরাবর প্রেরণ এবং উপজেলা পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন এ কার্যালয়ে বর্ণিত তারিখের মধ্যে দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	১। এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২০-২১ এর লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন প্রমাণকসহ সংশ্লিষ্ট সকল শাখা হতে আগামী ০৫ এপ্রিলের মধ্যে সংস্থাপন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। ২। উপজেলা পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৩য় ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সহকারী কমিশনার (সংশ্লিষ্ট শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।

০৩	ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	এ কার্যালয় ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৩য় ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন প্রমাণকসহ জেলা/উপজেলা তথ্য বাতায়নের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড নিশ্চিত করতে হবে।	সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। প্রোগ্রামার জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
----	--	---	---

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৬.৫৯.০০১.২০.৮০


তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার
- ৭) সহকারী কমিশনার (ভূমি) মৌলভীবাজার সকল
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার



মো: মামুনুর রশীদ
অতিরিক্ত জেলা প্রশাসক